# ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদের ৩১/০৩/২০২৬ইং তারিখের অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান, ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্থানঃ ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ সভা কক্ষ
ঘোড়াঘাট, দিনাজপুর।
তারিখঃ ৩১-০৩-২০২৬ইং
সময়ঃ বেলা ১১:০০ ঘটিকা

**সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে)**

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব, মোঃ সাজ্জাদ হোসেন | স্বাক্ষরিত/- |
| ০২ | জনাব, মোঃ আব্দুল মালেক মন্ডল | " |
| ০৩ | জনাব, মোঃ ওয়াহেদুজ্জামান | " |
| ০৪ | জনাব, মোঃ সোনা মিয়া মোল্লা | " |
| ০৫ | জনাব, মোঃ গোলাম রব্বানী | " |
| ০৬ | জনাব, মোঃ আজাদুল ইসলাম | " |
| ০৭ | জনাব, মোঃ মঞ্জুর রহমান | " |
| ০৮ | জনাব, মোঃ আতিয়ার রহমান | " |
| ০৯ | জনাব, মোঃ মফিজুল হক | " |
| ১০ | জনাব, মোঃ আয়নুল ইসলাম | " |
| ১১ | জনাব, মোছাঃ মুরশিদা বেগম | " |
| ১২ | জনাব, মোছাঃ রাহেনা বেগম | " |
| ১৩ | জনাব, চন্দনা রানী | " |

**আলোচ্য বিষয়ঃ**

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ী করন।
২। পবিত্র হজ্ব ব্রত পালনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের ছুটি মঞ্জুর সম্পর্কে আলোচনা।
৩। ছুটিকালীন সময়ে চেয়ারম্যানের অনুপস্থিতিতে চেয়ারম্যানের দায়িত্ব পালন সম্পর্কে আলোচনা।
৪। বিবিধ।

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ সাজ্জাদ হোসেন, চেয়ারম্যান ৩নং সিংড়া ইউপি এর সভাপিত্বে সভার কাজ আরম্ভ হয়। স্বাগত বক্তব্যে সভাপতি সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন শুনান। উহাতে আর কোন সংযোজন ও বিয়োজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচনাকালে সভাপতি সাহেব জানান যে, আগামী ১৯/০৪/২০২৬খ্রি. তারিখে পবিত্র হজ্ব ব্রত পালনের জন্য সৌদি আরব গমন করতে চান। এ জন্য ১৭/০৪/২০২৬খ্রি. হতে ০৪/০৬/২০২৬খ্রি. পর্যন্ত মোট ৪৯ (উনপঞ্চাশ) দিনের ছুটি প্রয়োজন। ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা সভাপতির অনুমতিক্রমে সভায় জানান যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৪০নং ধারা মোতাবেক কোন চেয়ারম্যান ও কোন সদস্যকে পরিষদ যুক্তিসংগত কারণে ১ (এক) বৎসরে সর্বোচ্চ ৩ (তিন) মাস ছুটি মঞ্জুর করিতে পারিবে। তবে শর্ত থাকে যে, তিন মাসের অধিক ছুটির প্রয়োজন হইলে সরকারের অনুমতি গ্রহণ করিতে হইবে। সভায় এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ** অতপর আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৪০নং ধারা মোতাবেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের ১৭/০৪/২০২৬খ্রি. হতে ০৪/০৬/২০২৬খ্রি. পর্যন্ত মোট ৪৯ (উনপঞ্চাশ) দিনের ছুটি পরিষদের সভায় মঞ্জুর করা হয়। বিধি অনুযায়ী দেশ ত্যাগের অনুমতি স্বাপেক্ষে পবিত্র হজ্ব ব্রত পালনের জন্য সৌদি আরব গমন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

৩নং আলোচনাকালে সভাপতি সাহেব জানান যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৩(২) ধারা অনুযায়ী চেয়ারম্যানের অনুপস্থিতি, অসুস্থতাহেতু বা অন্য যে কোন কারণে চেয়ারম্যান দায়িত্ব পালনে অসমর্থ হইলে তিনি পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত চেয়ারম্যানের প্যানেল হইতে অগ্রাধিকারক্রমে একজন সদস্য চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন। এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

31/03/26

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

**<u>সিদ্ধান্তঃ</u>** অতপর আলোচনান্তে সর্বসম্মতিক্রমে **১৭/০৪/২০২৬খ্রি. হতে ০৪/০৬/২০২৬খ্রি. পর্যন্ত মোট ৪৯ (উনপঞ্চাশ)** দিনের ছুটিকালীন সময়ে চেয়ারম্যানের রুটিন দায়িত্ব পালন করবেন **জনাব মোঃ আব্দুল মালেক মন্ডল, ১নং ওয়ার্ড ইউপি সদস্য ও চেয়ারম্যান প্যানেল-১** এবং তিনি কোন চেকে স্বাক্ষর করতে পারবেন না মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

31/03/26

সভাপতি

(মোঃ সাজ্জাদ হোসেন)

চেয়ারম্যান

৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ

ঘোড়াঘাট, দিনাজপুর।

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্মারক নং-৪৬.০০.৪৩৭৬.০০০.০২.০১৭.২৬- ৪১ তারিখঃ ০১/০৪/২০২৬খ্রি.

**<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-</u>**

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।

২। উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর।

৩। অফিস কপি।

01/04/26

চেয়ারম্যান

৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ

ঘোড়াঘাট, দিনাজপুর।

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।